

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ০৭

তারিখঃ ফেব্রুয়ারী ১৬, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

বায়ার্স ক্রেডিট/সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় পরিচালিত আমদানির বিপরীতে
বিবরণী দাখিল এবং বিল অব এন্ট্রি মিলকরণ (ম্যাচিং) প্রসংগে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন (জিএফইটি), ভলিউম-২ এর ২ নম্বর অধ্যায়ের ২১ নম্বর অনুচ্ছেদে বৈদেশিক ঋণ এবং অনুদানের আওতায় আমদানি কার্যক্রমের বিপরীতে বিবরণী দাখিলের বিষয়ে জ্ঞাপিত নির্দেশনার প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বায়ার্স ক্রেডিট/অনুমোদিত বহিঃ(বৈদেশিক) ঋণের বিপরীতে আমদানির ক্ষেত্রে বিদেশী ঋণদাতা কর্তৃক পরিশোধ শর্তানুযায়ী সাইট ভিত্তিতে পরিশোধ করা হয়ে থাকে। এ জাতীয় লেনদেনের বিপরীতে বিবরণী দাখিলের বিষয়ে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অনুমোদিত ডিলার এক্ষেত্রে আইএমপি ফরম ইস্যু করতঃ ইএল-১ সিডিউলে (সংযুক্ত সংশোধিত ফরমেট মোতাবেক) বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিল করবে। ইএল-১ এ উল্লেখিত তথ্য দ্বারা ফরম সি এর মাধ্যমে জে/ও-৩ সিডিউলে অনুমোদিত ডিলার বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিল করবে। আলোচ্য ক্ষেত্রে ইস্যুকৃত আইএমপি ফরম, জে/ও-৩ সিডিউল এবং ফরম সি -এ বড় হরফে “বিসি” অথবা “ইসি” (প্রযোজ্য অনুযায়ী) উল্লেখ করতে হবে। মেয়াদান্তে বিদেশী ঋণদাতার অনুকূলে ঋণ পরিশোধ কালে অনুমোদিত ডিলার বায়ার্স ক্রেডিট এবং সুদ নিষ্পত্তি বাবদ টিএম ফরম ব্যবহার করতঃ ই-৩/পি-৩ সিডিউলে বিবরণী দাখিল করবে।

০৩। এছাড়াও সাপ্লায়ার্স ক্রেডিট এর বিপরীতে আমদানির ক্ষেত্রে বিবরণী দাখিলের বিষয়ে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, অনুমোদিত ডিলার আইএমপি ফরম ইস্যু করতঃ ইএল-৩ সিডিউলে (সংযুক্ত সংশোধিত ফরমেট মোতাবেক) বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিল করবে। ইএল-৩ এ উল্লেখিত তথ্য দ্বারা ফরম সি এর মাধ্যমে জে/ও-৩ সিডিউলে অনুমোদিত ডিলার বাংলাদেশ ব্যাংকে বিবরণী দাখিল করবে। আলোচ্য ক্ষেত্রে ইস্যুকৃত আইএমপি ফরম, জে/ও-৩ সিডিউল এবং ফরম সি -এ বড় হরফে “এসসি” উল্লেখ করতে হবে। মেয়াদান্তে বিদেশী সরবরাহকারীর অনুকূলে পরিশোধ কালে অনুমোদিত ডিলার সরবরাহকারী ঋণ এবং সুদ নিষ্পত্তি বাবদ টিএম ফরম ব্যবহার করতঃ ই-৩/পি-৩ সিডিউলে বিবরণী দাখিল করবে।

০৪। জিএফইটি এর ভলিউম-১ এর ৭ নম্বর অধ্যায়ের ৩১ নম্বর অনুচ্ছেদে ডুপ্লিকেট আইএমপি ফরম এবং সংশ্লিষ্ট আমদানির ইনভয়েস এর সাথে প্রত্যয়নকৃত বিল অব এন্ট্রির কপি/শুক্ক কর্তৃপক্ষের প্রত্যায়িত ইনভয়েস মিলকরণের নির্দেশনা জ্ঞাপিত রয়েছে। বায়ার্স ক্রেডিট/সাপ্লায়ার্স ক্রেডিট এর আওতায় আমদানির ক্ষেত্রে উপরোল্লিখিত ২ ও ৩ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুযায়ী ইস্যুকৃত ডুপ্লিকেট আইএমপিএর সাথে প্রত্যয়নকৃত বিল অব এন্ট্রির কপি/শুক্ক কর্তৃপক্ষের প্রত্যায়িত ইনভয়েস মিলকরণ করতে হবে মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে।

০৫। জিএফইটি, ভলিউম-২ এর ২ নম্বর অধ্যায়ের ২১ নম্বর অনুচ্ছেদে এবং জিএফইটি, ভলিউম-১ এর ৭ নম্বর অধ্যায়ের ৩১ নম্বর অনুচ্ছেদে জ্ঞাপিত অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

সংযোজনী : বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৪

